

মোঃ রবিউল করিম এর সংক্ষিপ্ত জীবনীঃ

মোঃ আবু বকর সিদ্দীকী ও বেগম রোকেয়া সিদ্দীকা দম্পতির তৃতীয় সন্তান মোঃ রবিউল করিম। প্রাথমিক শিক্ষা গ্রহণ করেন গুলাল বুদাই সরকারী প্রাথমিক বিদ্যালয়, রংপুর থেকে। পুলিশ লাইন স্কুল ও কলেজ, রংপুর থেকে ২০০৫ সালে এসএসসি পরীক্ষায় কৃতিত্বের সাথে পাশ করেন। উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ২০০৭ সালে উত্তীর্ণ হন ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর থেকে। বিএসসি সম্মান ডিগ্রী অর্জন করেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ফিশারীজ বিভাগ থেকে। ফিশারীজ বায়োলজি এন্ড জেনেটিক্স বিষয়ে এমএস ডিগ্রী অর্জন করেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ফিশারীজ বিভাগ থেকে।

৩৭ বিসিএস (মৎস্য) ক্যাডারের একজন সম্মানিত সদস্য মোঃ রবিউল করিম। চাকুরী জীবন শুরু করেন জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, রাজশাহীতে। ১৪ই এপ্রিল, ২০২৯ খ্রিঃ হতে ১১ই অক্টোবর ২০২০ খ্রিঃ তারিখ জেলা মৎস্য অফিসে চাকুরী কাল সম্পন্ন করে ১২ই অক্টোবর ২০২০ খ্রিঃ তারিখে উপজেলা মৎস্য অফিসার, বাগমারা, রাজশাহী হিসেবে কাজ করে যাচ্ছেন।

কেজিবি ক্লাব, রংপুরের প্রতিষ্ঠাতা এবং প্রতিষ্ঠাতা সভাপতি জনাব মোঃ রবিউল করিম। ফুটবল, ক্রিকেট, সাতার খেলায় বেশ পারদর্শী। নিজে খেলাধুলা করেন এবং বিভিন্ন ধরনের খেলাধুলার আয়োজন করে থাকেন।

পরিবেশ নিয়ে কাজ করে যাচ্ছেন তিনি। প্রায় ১৫০০ (পনের শত) সুপারী চারা, ২০০ (দুইশত) নারিকেল চারা, প্রায় ৬০০০ (ছয় হাজার) তালের বীজ রোপন করেছেন নিজ হাতে। পরিবেশ নিয়ে জনসচেতনতা সৃষ্টির জন্য বিভিন্ন ধরনের অনুষ্ঠানের আয়োজন করে থাকেন।

মোঃ রবিউল করিম ও কম্পিউটার প্রকৌশলী সৈয়দা রওশনী বিনতে সোবহানি স্বাতী দম্পতির ঘর আলোকিত করেছে রাঈদা করিম ও রীয়ানা করিম।